নিকাহ রেজিস্ট্রারদের আন্দোলনে বন্ধ বিয়ে-তালাক নিবন্ধন



ছবি: সংগৃহীত

নতুন করে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের সিদ্ধান্ত বাতিল এবং কর্মরতদের নিজ নিজ এলাকায় বহাল রাখার দাবিতে চাঁপাইনবাবগঞ্জ ও ঝিনাইদহে কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি পালন করেছেন নিকাহ রেজিস্ট্রাররা। এতে দুই জেলাতেই বন্ধ রয়েছে বিয়ে ও তালাক নিবন্ধনের কার্যক্রম।

সোমবার (১৬ নভেম্বর) সকালে চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বাংলাদেশ মুসলিম নিকাহ রেজিস্ট্রার ঐক্য পরিষদের জেলা শাখার উদ্যোগে কর্মসূচি পালিত হয়। এতে জেলার ৪৫টি ইউনিয়ন ও চারটি পৌরসভার নিকাহ রেজিস্ট্রাররা অংশ নেন। একই দাবিতে ঝিনাইদহেও জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে অবস্থান ও কলম বিরতি পালন করেন নিকাহ রেজিস্ট্রাররা।

চাঁপাইনবাবগঞ্জের কর্মসূচিতে বক্তারা জানান, আইন মন্ত্রণালয়ের প্রাথমিক সিদ্ধান্ত অনুযায়ী, প্রতি ইউনিয়নে তিনজন, পৌরসভার প্রতিটি ওয়ার্ডে একজন এবং সিটি করপোরেশনের প্রতিটি ওয়ার্ডে তিনজন নিকাহ রেজিস্ট্রার নিয়োগের পরিকল্পনা রয়েছে। তাঁদের দাবি, বর্তমান রেজিস্ট্রাররাই সীমিত বিয়ে ও মোহরের কারণে আর্থিক সংকটে রয়েছেন। নতুন নিয়োগ হলে এ সংকট আরও বাড়বে। দাবি পূরণ না হলে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন তাঁরা।

অন্যদিকে ঝিনাইদহের কর্মসূচিতে বক্তারা বলেন, বর্তমানে প্রতিটি ইউনিয়নে একজন নিকাহ রেজিস্ট্রার দায়িত্ব পালন করছেন। সেখানে নতুন করে আরও দুজন নিয়োগ দেওয়া হলে একই এলাকায় প্রতিযোগিতা বাড়বে এবং পুরোনো-নতুন উভয় পক্ষই আর্থিক সংকটে পড়বেন।